# খাদ্যসাথী

## খাদ্য ও সরবরাহ দপ্তর

| ক্রম | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| ১<br>এক নজরে সকল পরিষেবা | দুয়ারে সরকার ক্যাম্পে 'খাদ্যসাথী' র আয়ত্তাধীন কোন কোন পরিষেবা উপলব্ধ ? | ১। নতুন পরিবারকে ভর্তুকিযুক্ত খাদ্য শস্যের আয়তায় নিয়ে আসার আবেদন (ফর্ম-৩)<br>২। পরিবারের কিছু সদস্য যদি ডিজিটাল রেশন কার্ড না পেয়ে থাকে তবে তার জন্য আবেদন (ফর্ম-৪)<br>৩। রেশন কার্ডের তথ্য সংশোধন করার আবেদন (ফর্ম-৫)<br>৪। রেশন দোকান পরিবর্তনের জন্য আবেদন (ফর্ম-৬), (ফর্ম-১৩) ও (ফর্ম-১৪)<br>৫। মৃত্যু বা অন্য কারণে রেশন কার্ড সমর্পণ করার আবেদন (ফর্ম-৭)<br>৬। বিকল্প ডিজিটাল রেশন কার্ড পাবার আবেদন (ফর্ম-৯)<br>৭। জেনারেল ক্যাটাগরির রেশন কার্ড (ভর্তুকিহীন) এর জন্য আবেদন (ফর্ম-১০)<br>৮। ডিজিটাল রেশন কার্ডের সাথে আধার ও মোবাইল নম্বরের সংযুক্তিকরণ (e-KYC) |
| ২,৩<br>৪<br>নতুন রেশন কার্ড | আমার পরিবারের কোন রেশন কার্ড নেই, আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ভর্তুকিযুক্ত খাদ্যশস্য পাবার জন্য ফর্ম-৩ এ আবেদন করতে পারেন। অথবা আপনার যদি ভর্তুকি যুক্ত খাদ্য শস্যের প্রয়োজন না থাকে তবে আপনি ফর্ম-১০ এ আবেদন করতে পারেন। |
| | আমার পরিবারের কিছু সদস্যের এখনো রেশন কার্ড হয়নি, আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ফর্ম-৪ এ আবেদন করতে পারেন। |
| | ফর্ম-৩ ও ৪ জমা করবার সময় ফর্মের সাথে কি কি নথি জমা করতে হবে ? | ফর্ম-৩ ঃ<br>ক. আবেদনকারীর বয়স ৫ বছরের উর্দ্ধে হলে আধার কার্ডের ফটোকপি (বয়স পাঁচ বছরের নীচে হলে জন্ম সার্টিফিকেটের ফটোকপি দিলেও হবে)।<br>খ) আধার উল্লেখিত ঠিকানা ভিন্ন অন্য ঠিকানা হলে সেই ঠিকানার প্রমাণ (পাসপোর্ট/ বিদ্যুতের বিল/ পোষ্টপেড মোবাইল বিল/ ড্রাইভিং লাইসেন্স/ ল্যান্ডলাইন ফোন বিল।<br>গ) আবেদন কারীরর নিজের বা তার পরিবারের কোন সদস্যের বৈধ মোবাইল নম্বর।<br>ফর্ম- ৪ঃ<br>ক) পরিবারের প্রধান বা অন্য যে কোন সদস্যর ডিজিটাল রেশন কার্ডের ফটোকপি।<br>খ) আবেদনকারীর বয়স ৫ বছরের উর্দ্ধে হলে আধার কার্ডের ফটোকপি (বয়স পাঁচ বছরের নীচে হলে জন্ম সার্টিফিকেটের ফটোকপি দিলেও হবে।<br>গ) পরিবারের সকল ডিজিটাল রেশন কার্ডধারীর আধার কার্ডের ফটোকপি।<br>ঘ) আবেদনকারীর নিজের বা তার পরিবারের কোন সদস্যের বৈধ মোবাইল নম্বর। |
| ৫,৬<br>সংশোধন | আমার রেশন কার্ডের তথ্য সংশোধন করার প্রয়োজন। আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ফর্ম-৫ এ আবেদন করবেন। |
| | ফর্ম-৫ জমা করবার সময় ফর্মের সাথে কি কি নথি জমা করতে হবে ? | ক। বর্তমান ডিজিটাল রেশন কার্ডের ফটোকপি।<br>খ। আবেদনকারীর আধার কার্ডের ফটোকপি (বয়স পাঁচ বছরের নীচে হলে জন্ম সার্টিফিকেটের ফটোকপি দিলেও হবে)।<br>গ। সংশোধনের সমর্থনে নথি - যেমন ভোটার কার্ড (EPIC) / কিষাণ ক্রেডিট কার্ড / ব্যাঙ্কের পাশ বই/ ড্রাইভিং লাইসেন্স / পাসপোর্ট।<br>ঘ। পরিবারের সকল সদস্যের আধার কার্ডের ফটোকপি।<br>ঙ। আবেদনকারীর নিজের বা তার পরিবারের কোন সদস্যের বৈধ মোবাইল নম্বর। |
| ৭<br>রেশন দোকান পরিবর্তন | আমার রেশন কার্ড এখন যে রেশন দোকানে আছে সেখান থেকে অন্য রেশন দোকানে নিয়ে যেতে চাই। আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ফর্ম-৬ (পুরো পরিবারে জন্য), ফর্ম- ১৩ (আংশিক পরিবারের জন্য), ফর্ম- ১৪ (বিবাহ জনিত কারণে) এ আবেদন করবেন। |
| | ফর্ম-৬, ফর্ম-১৩, ফর্ম-১৪ জমা করবার সময় ফর্মের সাথে কি কি নথি জমা করতে হবে ? | ক) বর্তমান ডিজিটাল রেশন কার্ডের ফটোকপি।<br>খ) আবেদনকারীর আধার কার্ডের ফটোকপি ।<br>গ) পরিবারের বাকি সদস্যদের আধার কার্ডের ফটোকপি।<br>ঘ) বিবাহ শংসাপত্রের ফটোকপি (রেজিস্ট্রেশনের) ফটোকপি (বিবাহ জনিত কারনে রেশন দোকানের পরিবর্তন করতে চাইলে)। |
| ৮,৯<br>সমর্পণ | আমার পরিবারের এক/একাধিক রেশন কার্ড সমর্পণ করতে হবে। আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ফর্ম-৭ এ আবেদন করবেন। |
| | ফর্ম-৭ জমা করবার সময় ফর্মের সাথে কি কি নথি জমা করতে হবে ? | ক) ডিজিটাল রেশন কার্ড।<br>খ) মৃত্যু শংসাপত্র / শ্মশানঘাট বা গোরস্থানের শংসাপত্র। |
| ১০,১১<br>বিকল্প রেশন কার্ড | আমার রেশন কার্ডটি হারিয়ে গেছে/ নষ্ট হয়েগেছে আমি একটি বিকল্প রেশন কার্ড চাই।<br>আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ফর্ম -৯ এ আবেদন করবেন। |
| | ফর্ম-৯ জমা করবার সময় ফর্মের সঙ্গে কি কি নথি জমা করতে হবে ? | ক. ডিজিটাল রেশন কার্ডের ফটোকপি (রেশন কার্ড নষ্ট হয়ে গেলে)।<br>খ. হারিয়ে যাওয়া রেশন কার্ডের ফটোকপি (যদি থাকে) না হলে পরিবারের অন্য কোন সদস্যের রেশন কার্ডের ফটোকপি, হারিয়ে যাওয়ার ক্ষেত্রে।<br>গ. পরিবারের সকল সদস্যের আধার কার্ডের ফটোকপি, বয়স পাঁচ বছরের নীচে হলে জন্ম সার্টিফিকেটের ফটোকপি দিলেও হবে। |
| ১২,১৩<br>জেনারেল রেশন কার্ড | আমার ভর্তুকিযুক্ত খাদ্য শস্যর প্রয়োজন নেই কিন্তু আমি রেশন কার্ড পেতে চাই। আমি কোন ফর্মে আবেদন করবো ? | আপনি ফর্ম- ১০ এ আবেদন করবেন। |
| | ফর্ম-১০ জমা করবার সময় ফর্মের সঙ্গে কি কি নথি জমা করতে হবে ? | ক. রেশন কার্ডের ফটোকপি (যদি থাকে)।<br>খ. বয়স পাঁচ বছরের উর্দ্ধে হলে আধার কার্ডের ফটোকপি।<br>গ. বয়স পাঁচ বছরের নীচে হলে জন্ম সার্টিফিকেটের ফটোকপি দিলেও হবে। |
| ১৪<br>e-KYC (আধার সংযুক্তি করণ) | আমি আমার রেশন কার্ডের সাথে আধার নম্বর সংযুক্ত করতে চাই<br>(e-KYC)<br>ক. আমি কি ভাবে করবো ?<br>খ. আমি কেন করবো ?<br>গ. সকল রেশন কার্ডধারীকেই কি করতে হবে ?<br>ঘ. আমি কোথায় করতে পারি ? | ক. আপনি রেশন কার্ড, আধার কার্ড এবং পরিবারের পক্ষ থেকে একটি চালু থাকা মোবাইল নম্বর নিয়ে সশরীরে হাজির হবেন। বায়োমেট্রিক প্রমাণীকরণ এর মাধ্যমে খুব অল্পসময়ের মধ্যেই আপনার রেশন কার্ডের সাথে আধার নম্বর এবং মোবাইল নম্বর সংযুক্ত করা হবে। এই মোবাইল নম্বরে আপনি নানা রকম তথ্য পাবেন।<br>খ. আপনি এটি করবেন যাতে আপনার বরাদ্দ রেশন দ্রব্য আপনার পরিবার ছাড়া অন্য কেউ তুলে নিতে না পারে।<br>গ. সকল ভুর্তুকিযুক্ত রেশন উপভোক্তাকেই করতে হবে। জেনারেল রেশন কার্ড ধারীদের করবার প্রয়োজন নেই।<br>ঘ. আপনি e-KYC করতে পারেন দুয়ারে সরকার ক্যাম্পে / বাড়ি বাড়ি গিয়ে যে আধার সংযুক্তিকরণ হচ্ছে তাতে / রেশন দোকানে/ খাদ্য ও সরবরাহ দপ্তরের পরিদর্শকের অফিসে এবং বাংলা সহায়তা কেন্দ্রে। |
| ১৫<br>বিকল্প | দুয়ারে সরকার ক্যাম্পে আবেদন পত্র জমা করা সম্ভব হচ্ছে না, আমি আর কোথায় করতে পারি ? | ক. RKSY-II বা জেনারেল (ভর্তুকিহীন) কার্ড কে RKSY-I কার্ডে পরিবর্তন করতে চাইলে আপনাকে ফর্ম-৮ জমা করতে হবে খাদ্য ও সরবরাহ দপ্তরের পরিদর্শকের অফিসে।<br>খ. উপরে উল্লিখিত সকল ফর্ম (ফর্ম- ৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১) বাংলা সহায়তা কেন্দ্রে ও অনলাইন বা অফলাইনে জমা করা যাবে। |

পশ্চিমবঙ্গ সরকার